

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৩১

তারিখ: ২ আশ্বিন ১৪২৬

১৭ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

আজ ১৭ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, ময়মনসিংহ এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ মৌসুমী অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের উত্তরাঞ্চলের উপর মোটামুটি সক্রিয় ও অন্যত্র কম সক্রিয় অবস্থায় রয়েছে এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর বিভাগের অনেক জায়গায়; ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা, বরিশাল ও খুলনা বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ দেশের উত্তরাঞ্চলে হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের উত্তরাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম         | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---------------------|------|-----------|-----------|-------|---------|-------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা  | ৩৪.৫ | ২৯.৫      | ৩৫.০      | ৩৪.২  | ৩৪.৭    | ২৮.৮  | ৩৫.২  | ৩৪.৩   |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৬.১ | ২৪.৬      | ২৩.৬      | ২৫.৬  | ২৪.৭    | ২৩.৭  | ২৬.৫  | ২৫.৯   |

\* গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৫.২° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা কুতুবদিয়া ২৩.৬° সেঃ।

## বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থা

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে, অপরদিকে সুরমা-কুশিয়ারা নদীসমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

|                                     |    |   |    |
|-------------------------------------|----|---|----|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন     | ৯৩ | বিগত ২৪ ঘন্টায় পানি সমতল<br>অপরিবর্তিত | ০২ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল<br>বৃদ্ধি | ৬০ | মোট তথ্য পাওয়া যায়নি                  | ০০ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হ্রাস     | ৩১ | বিপদসীমার উপরে                          | ০০ |

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (১৭ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী): নেই।

#### বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গতকাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন   | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন      | বৃষ্টিপাত (মি.মি.) |
|----------|--------------------|-------------|--------------------|
| রংপুর    | ১২৮.০              | নাকুয়াগাঁও | ৮৫.০               |
| দিনাজপুর | ৮০.০               | জামালপুর    | ৫২.০               |

অগ্নিকান্ডঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে প্রাপ্ত তথ্য থেকে জানা যায়, ১৫/০৯/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৬/০৯/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৮টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এ সকল অগ্নিকান্ডে কোন হতাহতের ঘটনা ঘটেনি। বিভাগভিত্তিক তথ্য নিয়ে দেয়া হলোঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতে |
|---------|-------------|---------------------|--------------|-------|
| ১।      | ঢাকা        | ৪                   | ০            |       |
| ২।      | ময়মনসিংহ   | ১                   | ০            |       |
| ৩।      | বরিশাল      | ০                   | ০            |       |
| ৪।      | সিলেট       | ০                   | ০            |       |
| ৫।      | রাজশাহী     | ০                   | ০            |       |
| ৬।      | রংপুর       | ১                   | ০            |       |
| ৭।      | চট্টগ্রাম   | ০                   | ০            |       |
| ৮।      | খুলনা       | ২                   | ০            |       |
|         | মোট         | ৮                   | ০            |       |

২। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।



১৮-৯-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৩১/১(৬৫)

তারিখ: ২ আশ্বিন ১৪২৬  
১৭ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১৮-৯-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান  
ভারপ্রাপ্ত কর্মকর্তা